# মঞ্জুরি নং-৫৩

# ১৫৬ - বিদ্যুৎ বিভাগ

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| পরিচালন ব্যয় | ৫৬,৭৭,০০ | ৫৯,৬১,০০ | ৬২,৫৯,০০ |
| উন্নয়ন ব্যয় | ২৪১৩৯,১১,০০ | ২৫৩৪৬,০৬,০০ | ২৬৬১৩,৩৭,০০ |
| **মোট** | **২৪১৯৫,৮৮,০০** | **২৫৪০৫,৬৭,০০** | **২৬৬৭৫,৯৬,০০** |
| | | | |
| আবর্তক | ৭১৩,৭১,৯৫ | ৫২৬১,৬১,১০ | ৬৫৯০,৫৪,৮৪ |
| মূলধন | ১৪৩৮৪,২০,৩০ | ২০১৪৪,০২,১৫ | ২০০৮৫,৩৭,৪১ |
| আর্থিক সম্পদ | ৯০৯৭,৯৫,৭৫ | ৩,৭৫ | ৩,৭৫ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **২৪১৯৫,৮৮,০০** | **২৫৪০৫,৬৭,০০** | **২৬৬৭৫,৯৬,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ খাতের সমন্বিত উন্নয়নের মাধ্যমে ২০৩০ সালের মধ্যে সবার জন্য সাশ্রয়ী মূল্যে মানসম্পন্ন ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১ বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ কার্যক্রম পরিচালন ও রক্ষণাবেক্ষণ;

১.২.২ বিদ্যুৎ সংক্রান্ত আইন ও নীতিমালা প্রণয়ন, হালনাগাদকরণ ও বাস্তবায়ন;

১.২.৩ বর্ধিত বিদ্যুৎ চাহিদার সাথে সংগতি রেখে পরিকল্পনা প্রণয়ন এবং সে অনুযায়ী বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন এবং বিতরণ ব্যবস্থার নির্মাণ, সম্প্রসারণ, পুনর্বাসন ও আধুনিকায়ন;

১.২.৪ সরকারি বিনিয়োগের পাশাপাশি বেসরকারি ও যৌথ উদ্যোগে বিনিয়োগ উৎসাহিতকরণ;

১.২.৫ পল্লী বিদ্যুতায়ন ও নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মানোন্নয়ন;

১.২.৬ সংস্থা/কোম্পানিসমূহের রাজস্ব আদায় ও বাণিজ্যিক কার্যক্রম তদারকিকরণ;

১.২.৭ নবায়নযোগ্য জ্বালানির প্রসার এবং বিদ্যুতের দক্ষ ও সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকরণ।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. মানসম্পন্ন ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ | **বিদ্যুৎ উৎপাদন:**<br>• নতুন বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ<br>• বিদ্যমান বিদ্যুৎ কেন্দ্র মেরামত, রক্ষণাবেক্ষণ এবং আধুনিকায়ন/সংস্কার | • বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো)<br>• বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | | • ইলেকট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লি: (ইজিসিবি)<br>• আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লি. (এপিএসসিএল)<br>• নর্থ-ওয়েস্ট জোন পাওয়ার জেনারেশন কোম্পানি লি. (নওপাজেকো)<br>• রুরাল পাওয়ার কোম্পানি লি. (আরপিসিএল)<br>• কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লি:<br>• বি-আর পাওয়ারজেন লিঃ |
| | **বিদ্যুৎ সঞ্চালন:**<br>• নতুন সঞ্চালন লাইন নির্মাণ এবং বিদ্যমান সঞ্চালন লাইনসমূহের ক্ষমতাবর্ধন, পরিচালন ও সংরক্ষণ;<br>• নতুন গ্রিড উপকেন্দ্র নির্মাণ ও বিদ্যমান গ্রিড উপকেন্দ্রসমূহের সম্প্রসারণ। | • পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি: (পিজিসিবি) |
| | **বিদ্যুৎ বিতরণ:**<br>• নতুন বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ এবং বিদ্যমান লাইন নবায়ন, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ;<br>• নতুন সাব-স্টেশন নির্মাণ এবং বিদ্যমান সাব-স্টেশনসমূহের পরিচালন ও রক্ষণাবেক্ষণ। | • বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো)<br>• বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)<br>• ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লি: (ডেসকো)<br>• ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি: (ডিপিডিসি)<br>• ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি: (ওজোপাডিকো)<br>• নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি: (নেসকো) |
| ২. নবায়নযোগ্য জ্বালানি ও বিদ্যুৎ সাশ্রয়ী প্রযুক্তির প্রসার | • নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক বিদ্যুৎ উৎপাদন পরিকল্পনা প্রণয়ন ও তদারকিকরণ। | • সাসটেইনেবল এন্ড রিনিউয়েবল এনার্জি ডেভেলপমেন্ট অথরিটি (স্রেডা) |
| | • নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক বিদ্যুৎ উৎপাদন বাস্তবায়ন। | • বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো)<br>• ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লি: (ডেসকো)<br>• ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি: (ডিপিডিসি)<br>• রুরাল পাওয়ার কোম্পানি লি: (আরপিসিএল) |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | | • বি-আর পাওয়ারজেন লিঃ |
| ৩. বিদ্যুৎ খাতের দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ | • প্রি-পেমেন্ট ও স্মার্ট মিটারিং কার্যক্রম বাস্তবায়ন;<br>• বিদ্যুৎ বিলের বকেয়া আদায় কার্যক্রম জোরদারকরণ। | • বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো)<br>• বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)<br>• ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লি: (ডেসকো)<br>• ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি: (ডিপিডিসি)<br>• ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি: (ওজোপাডিকো)<br>• নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি: (নেসকো)<br>• পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি. (পিজিসিবি) |
| | • বিদ্যুৎ বিতরণ সিস্টেম লস হ্রাসকরণ | • বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)<br>• পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি: (পিজিসিবি) |
| | • বিদ্যুৎ খাত উন্নয়ন ও সংস্কার এর লক্ষ্যে সমীক্ষা কার্যক্রম পরিচালনা | • পাওয়ার সেল |
| | • উচ্চ ও মধ্যম চাপ বিশিষ্ট গ্রাহকদের বৈদ্যুতিক উপকেন্দ্রের অনুমোদন;<br>• বৈদ্যুতিক ঠিকাদার লাইসেন্স, সুপারভাইজার সার্টিফিকেট ও কারিগরি পারমিট নবায়ন-জারি। | • প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর |

## ৩.০ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু সংক্রান্ত তথ্য

### ৩.১ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ুর উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

#### ৩.১.১ মানসম্পন্ন ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণের মাধ্যমে অবিদ্যুতায়িত নতুন নতুন এলাকাসহ প্রত্যন্ত ও দুর্গম এলাকা বিদ্যুতায়নের মাধ্যমে গ্রাহকদের গুণগত, মানসম্পন্ন, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা সম্ভব হবে। নতুন নতুন এলাকা বিদ্যুতায়নের ফলে শিল্প ও বাণিজ্যিক কার্যক্রম সম্প্রসারিত হবে। দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান বা আয়বর্ধক কাজের সুযোগ সৃষ্টি হবে, যা দারিদ্র্য নিরসনের উপর প্রত্যক্ষ প্রভাব ফেলবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** বিদ্যুৎ ব্যবস্থা সম্প্রসারণের ফলে নতুন করে শিল্প-কারখানা, কুটিরশিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান গড়ে ওঠার মাধ্যমে নারীদের কর্মসংস্থান তথা আয়বর্ধক কর্মে অংশগ্রহণের সুযোগ বাড়বে। গুণগত ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ

নিশ্চিতকরণের ফলে তথ্যপ্রযুক্তির সম্প্রসারণসহ বিভিন্ন উন্নয়নমূলক, সেবামূলক ও সচেতনতামূলক কার্যক্রম বৃদ্ধি পাচ্ছে। এতে দেশের আর্থ সামাজিক উন্নয়ন তরান্বিত হচ্ছে। নারী উন্নয়নে তার প্রভাব দৃশ্যমান।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** বিদ্যুৎ উৎপাদনে জলবায়ু পরিবর্তনের প্রভাব বিবেচনা করে বহুমুখী জ্বালানি ব্যবহারের উপর গুরুত্বারোপ করা হচ্ছে। বিদ্যুৎ উৎপাদনে কয়লার পরিবর্তে এলএনজিভিত্তিক কেন্দ্র স্থাপনে উৎসাহিত করা হচ্ছে। গুণগত ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ সম্ভব হলে আবাসিক ও কৃষি ক্ষেত্রে তরল জ্বালানির ব্যবহার বহুলাংশে হ্রাস পাবে যা জলবায়ুর প্রভাব মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

### ৩.১.২ নবায়নযোগ্য জ্বালানি ও বিদ্যুৎ সাশ্রয়ী প্রযুক্তির প্রসার

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** নবায়নযোগ্য জ্বালানি প্রযুক্তির প্রসারের ফলে পল্লী এলাকার প্রত্যন্ত ও দুর্গম অঞ্চলে বিদ্যুৎ সুবিধা পৌঁছানোসহ দেশের শিল্পায়ন, ক্ষুদ্র ও কুটির শিল্প এবং সেবা খাতের সম্প্রসারণে তা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বিদ্যুৎ সাশ্রয়ী প্রযুক্তির প্রসারের মাধ্যমে দুর্গম এলাকার সুবিধাবঞ্চিত জনগণকে সামাজিক এবং অর্থনৈতিকভাবে সচেতন এবং স্বাবলম্বী করা সম্ভব হবে যা দারিদ্র্য নিরসনে প্রত্যক্ষ প্রভাব ফেলবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** নবায়নযোগ্য জ্বালানি প্রযুক্তি ও বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহারে গ্রামীণ নারীদের অংশগ্রহণের ফলে তাদের কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে এবং গৃহস্থালী কাজে জ্বালানির দক্ষ ও পরিবেশবান্ধব ব্যবহার নিশ্চিত হবে যা নারীর জীবনমান উন্নয়নে সহায়ক হবে। সোলার হোম সিস্টেম জ্বালানি সাশ্রয়ী উন্নত চুলা বিতরণ কার্যক্রমে সরাসরি বিপুল সংখ্যক নারীর অংশগ্রহণের ফলে তাদের কর্মসংস্থান ও আয়ের পথ সম্প্রসারিত হচ্ছে। ফলে নারী উন্নয়নের প্রসার ঘটবে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** জলবায়ু পরিবর্তনের প্রভাব হ্রাসের লক্ষ্যে নবায়নযোগ্য জ্বালানি হতে ১০% বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণসহ বিদ্যুৎ সাশ্রয়ী প্রযুক্তি ব্যবহারের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে যা কার্বন নিঃসরণ লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক হবে। সৌর বিদ্যুৎ এর ব্যবহার, সিম্পল সাইকেল বিদ্যুৎ কেন্দ্রকে কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে রূপান্তর, শহরাঞ্চলে আবর্জনা হতে বিদ্যুৎ উৎপাদন কার্যক্রম পরিবেশের ভারসাম্য রক্ষায় উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে।

### ৩.১.৩ বিদ্যুৎ খাতের দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** ই-সার্ভিস ও আইসিটি কার্যক্রম বাস্তবায়ন, প্রি-পেমেন্ট ও স্মার্ট মিটারিং কার্যক্রম বাস্তবায়ন, মোবাইল ফোনে বিদ্যুৎ বিল পরিশোধ ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে বিদ্যুৎ খাতের দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে। উল্লিখিত কার্যক্রম বাস্তবায়নে জনগণের কর্মসংস্থান সৃষ্টি হবে যা দারিদ্র্য নিরসনে প্রত্যক্ষ ভূমিকা রাখবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** বিদ্যুৎ খাতে মোবাইল ফোনে বিদ্যুৎ বিল পরিশোধ, অনলাইনে নতুন সংযোগের আবেদন গ্রহণ, স্টোর ব্যবস্থাপনা, আইসিটি কার্যক্রম, প্রি-পেমেন্ট ও স্মার্ট মিটারিং কার্যক্রম বাস্তবায়ন, রিমোর্ট মিটারিং কার্যক্রম বাস্তবায়ন এবং ডাটাবেইজ তৈরি ও সংরক্ষণের মাধ্যমে বিদ্যুৎ খাতের দক্ষতা বৃদ্ধিসহ স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার ফলে বিদ্যুতের দক্ষ ও সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত হবে। ফলে সাশ্রয়ী বিদ্যুৎ দ্বারা নতুন নতুন ক্ষুদ্র ও কুটিরশিল্প স্থাপন সম্ভব হবে। এ সকল কার্যক্রমে নারীদের কর্মসংস্থান এবং অর্থ উপার্জনের পথ সুগম হবে যা নারী উন্নয়নের ওপর প্রভাব ফেলবে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** বিদ্যুৎ খাতে দক্ষতা বৃদ্ধি ও স্বচ্ছতা নিশ্চিত করার জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন, প্রি-পেইড মিটারিং ব্যবস্থার প্রবর্তন, সিস্টেম লস হ্রাসকরণসহ ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে। বিদ্যুতের দক্ষ ও সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে জনগণকে উৎসাহিত ও উদ্বুদ্ধ করার জন্য বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এ সকল কার্যক্রম বাস্তবায়িত হলে সার্বিকভাবে বিদ্যুতের চাহিদা হ্রাস পাবে এবং বিদ্যুৎ উৎপাদনেও জ্বালানি সাশ্রয় হবে। এতে পিক আওয়ারে বা সন্ধ্যায় তরল জ্বালানিভিত্তিক বিদ্যুৎ উৎপাদন পরিহার করা যাবে, যা জলবায়ুর প্রভাব মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## ৩.২ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| দারিদ্র্য নিরসন | ১৮৮৬২,২২,৩৫ | ২১০৫৩,৮২,০০ | ২২৯৮৩,৭৮,৭৫ |
| নারী উন্নয়ন | ১৫৫৭০,৮২,৪৫ | ১৬২১৭,৯২,০৯ | ১৬৪০৪,১৭,৮৬ |
| জলবায়ু পরিবর্তন | ৯,০৯৯,৯০০ | ১০,০০৯,৮৯০ | ১১,০১০,৮৭৯ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| ১. **নতুন সঞ্চালন লাইন নির্মাণ এবং বিদ্যমান সঞ্চালন লাইনের প্রয়োজনীয় সংস্কার সাধন**<br>বিদ্যুৎ কেন্দ্র থেকে উৎপাদিত বিদ্যুৎ সারা দেশে সুষ্ঠুভাবে সঞ্চালনের জন্য নতুন সঞ্চালন লাইন নির্মাণ এবং বিদ্যমান জাতীয় গ্রিডের রক্ষণাবেক্ষণ ও ক্ষমতা বৃদ্ধি অত্যন্ত গুরুত্বপূর্ণ। গৃহীত এবং পরিকল্পনাধীন প্রকল্পগুলো বাস্তবায়নের মাধ্যমে সঞ্চালন লাইন এবং গ্রিড উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি করা হলে উৎপাদিত বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার মাধ্যমে নিরবচ্ছিন্নভাবে গ্রাহকদের নিকট পৌঁছানো সম্ভব হবে। এ জন্য এ খাতকে অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে। | • মানসম্পন্ন ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ |
| ২. **নতুন বিতরণ লাইন নির্মাণ ও বিদ্যমান লাইন সংস্কার**<br>নতুন গ্রাহক সংযোগ প্রদানসহ বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে উৎপাদিত বিদ্যুৎ সুষ্ঠু ও নিরবচ্ছিন্নভাবে গ্রাহকদের নিকট পৌঁছানোর লক্ষ্যে নতুন বিতরণ লাইন নির্মাণ এবং বিদ্যমান বিতরণ ব্যবস্থার ক্ষমতা বৃদ্ধি ও আধুনিকীকরণ কার্যক্রম জোরদারকরণ অপরিহার্য। ২০৩০ সালের মধ্যে প্রায় ৬ লক্ষ ৬০ হাজার কিলোমিটার বিতরণ লাইন নির্মাণের মাধ্যমে গ্রামীণ জনগণের জন্য বিদ্যুৎ সুবিধা সৃষ্টির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ পরিকল্পনা গ্রহণের ফলে কৃষি, বাণিজ্য ও শিল্পোৎপাদন বৃদ্ধি পাবে এবং প্রত্যক্ষ ও পরোক্ষভাবে গ্রামীণ জনসাধারণের আর্থ-সামাজিক উন্নতি হবে। | • মানসম্পন্ন ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ |
| ৩. **বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন, বিদ্যমান বিদ্যুৎ কেন্দ্র পুনর্বাসন ও রক্ষণাবেক্ষণ**<br>গ্যাস, তরল জ্বালানি, নবায়নযোগ্য জ্বালানি ও নিউক্লিয়ার ভিত্তিক নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপন, উপ-আঞ্চলিক সহযোগিতায় পার্শ্ববর্তী দেশসমূহ থেকে বিদ্যুৎ আমদানি এবং পুরাতন বিদ্যুৎকেন্দ্র রক্ষণাবেক্ষণের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করা যাবে। এ জন্য এ খাতকে অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে। | • মানসম্পন্ন ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ |
| ৪. **নবায়নযোগ্য জ্বালানি প্রযুক্তির প্রসার ও বিদ্যুৎ সাশ্রয়ী কার্যক্রম** নবায়নযোগ্য জ্বালানি সম্পদ উন্নয়নের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনপূর্বক তা দুর্গম গ্রামীণ এলাকায় (যেখানে গ্রিড সম্প্রসারণ ব্যয়বহুল) সরবরাহ করা গেলে সরকারের বিদ্যুতায়ন কার্যক্রম তরান্বিত হবে, গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি হবে এবং ভবিষ্যৎ জ্বালানি নিরাপত্তা নিশ্চিত হবে। এ জন্য এ খাতকে অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে। | • নবায়নযোগ্য জ্বালানি ও বিদ্যুৎ সাশ্রয়ী প্রযুক্তির প্রসার |
| ৫. **দক্ষতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সিস্টেম লস কমানো ও বকেয়া বিল আদায়**<br>বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ সিস্টেমে দক্ষ ও প্রি-পেইড/স্মার্ট প্রি-পেইড, নেট মিটারিং সহ আধুনিক যন্ত্রপাতি ব্যবহার ও কেপিআই বাস্তবায়নের মাধ্যমে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়নপূর্বক গ্রাহক সেবার মান বৃদ্ধিতে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত হবে। এ জন্য এ খাতকে অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে। | • বিদ্যুৎ খাতের দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ |

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **৬. লোড ম্যানেজমেন্ট কার্যক্রম**<br>লোড ম্যানেজমেন্টের ফলে সেচ মৌসুমে সেচ পাম্পসমূহে নিরবচ্ছিন্ন ও যথাযথ ভোল্টেজে বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধিসহ আর্থ-সামাজিক উন্নয়ন কাজে নিয়মতান্ত্রিকভাবে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা সম্ভব। দক্ষ যন্ত্রপাতির ব্যবহারসহ এনার্জি কনজারভেশন সংক্রান্ত কর্মসূচি বাস্তবায়ন করার মাধ্যমে চাহিদা হ্রাস করার কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। এতে সীমিত সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত হবে। এ জন্য এ খাতকে অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে। | • বিদ্যুৎ খাতের দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২২-২৩ হতে ২০২৪-২৫)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২২-২৩ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২১-২২ | | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| সচিবালয়, বিদ্যুৎ বিভাগ | ২৫৩৯৪,৪৮,০০ | ২২৮৭১,২৭,৯৫ | ২৪১৯২,২৬,৬০ | ২৫৪০২,১৯,৩৯ | ২৬৬৭২,১৪,৯২ |
| বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক | ৩,৩৬,০০ | ২,৭৫,০৮ | ৩,৬১,৪০ | ৩,৪৭,৬১ | ৩,৮১,০৮ |
| **সর্বমোট :** | **২৫৩৯৭,৮৪,০০** | **২২৮৭৪,০৩,০৩** | **২৪১৯৫,৮৮,০০** | **২৫৪০৫,৬৭,০০** | **২৬৬৭৫,৯৬,০০** |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২২-২৩ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২১-২২ | | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ১৩,০৫,৪৬ | ১১,৯৩,৭১ | ১২,২৫,৯৬ | ১২,৪৭,৮৯ | ১৪,২০,৫০ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ৪,৬৩,৬৪ | ৩,৮৪,৩৭ | ৪,১৯,২০ | ৩,৫৩,৮২ | ৩,৬৬,২৯ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ৫৩,০৫ | ৫১,৯০ | ৫২,৭৫ | ৫৫,৪৭ | ৫৮,২৯ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ২,৭৮,০০ | ৩৭,০০ | ৬৪,০০ | ৫৫,০০ | ৫৭,৬০ |
| ৩২৪৩ | পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট | ৫০,৬০ | ৪০,৫০ | ৫০,৭৪ | ৫২,২৫ | ৫৫,০৬ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ১,৫৬,০০ | ৭২,০০ | ১,২২,০০ | ১,১৪,০০ | ১,২৭,৬২ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ৬২,৮০ | ৪৫,১০ | ৫০,৪৫ | ৫১,২৭ | ৫৯,০৩ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ১১,৫০ | ৮,৪৫ | ১৩,৩০ | ১৩,৮৫ | ১২,৪৩ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ২৯,৭৫,৫০ | ৪০,১১,০০ | ৩২,৪৯,০০ | ৫,০১,৭০ | ১২,০৫,৯০ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ২,৬০,৩০ | ২,২১,৮৫ | ২,৪৫,৫০ | ২,৫৯,১০ | ২,৭৪,৫৯ |
| ৩৬৩১ | আবর্তক অনুদান | ২৪,০৬,০০ | ২৫,২৬,৮৫ | ২৭,২২,৭২ | ৩০,৪২,৮১ | ৩৮,৩৯,২৯ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | ৩,১৩,০০ | ৩,১৩,০০ | ৮,৫৬,২৮ | ৯,৭৪,৫২ | ২,৬৬,৫৪ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ১,৫০ | ০ | ১,৫০ | ১,৫০ | ১,৫০ |
| ৩৮২৩ | প্রকল্পের আবর্তক স্থানান্তর | ২৯০,৮১,৬৫ | ৩১৬,৫১,৯১ | ৩৬৪,৮১,৪৫ | ২৫১৩,৩২,৯৭ | ২৯৯৭,৬০,৮৪ |
| ৩৯১১ | সংরক্ষিত | ৫০,০০,০০ | ০ | ২৫৮,১৭,১০ | ২৬৮১,০৪,৯৫ | ৩৫১৫,৪৯,৩৬ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **৪২৪,১৯,০০** | **৪০৫,৫৭,৬৪** | **৭১৩,৭১,৯৫** | **৫২৬১,৬১,১০** | **৬৫৯০,৫৪,৮৪** |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ২,৯০,৯০ | ২,৫৪,৯০ | ৩,৪০,০০ | ১,১৮,৭০ | ১,৩১,৯৫ |
| ৪১১৩ | অন্যান্য স্থায়ী সম্পদ | ১৯,৫০ | ৮,৫০ | ১৫,৭৫ | ১০,৭৭ | ১৪,০৬ |
| ৪২১১ | প্রকল্প মূলধন ব্যয় | ১৬৬৮৯,৩৭,৩৫ | ১৩১৭৫,৯৪,০৯ | ১৪৩৮০,৬৪,৫৫ | ২০১৪০,৭১,৬৮ | ২০০৮৩,৪১,৪০ |

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২২-২৩ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২১-২২ | | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ৪৯১১ | সংরক্ষিত | ০ | ০ | ০ | ২,০১,০০ | ৫০,০০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **১৬৬৯২,৪৭,৭৫** | **১৩১৭৮,৫৭,৪৯** | **১৪৩৮৪,২০,৩০** | **২০১৪৪,০২,১৫** | **২০০৮৫,৩৭,৪১** |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ২৩৪৯,৭৩,০৫ | ২৬৬৮,০৮,১০ | ৩৮৬২,৭৯,৩১ | ৩,৭৫ | ৩,৭৫ |
| ৭২১৬ | সমমূলধন (Equity) ও বিনিয়োগ তহবিল শেয়ার | ৫৯৩১,৪৪,২০ | ৬৬২১,৭৯,৮০ | ৫২৩৫,১৬,৪৪ | ০ | ০ |
| | **মোট : - সম্পদ** | **৮২৮১,১৭,২৫** | **৯২৮৯,৮৭,৯০** | **৯০৯৭,৯৫,৭৫** | **৩,৭৫** | **৩,৭৫** |
| | **সর্বমোট :** | **২৫৩৯৭,৮৪,০০** | **২২৮৭৪,০৩,০৩** | **২৪১৯৫,৮৮,০০** | **২৫৪০৫,৬৭,০০** | **২৬৬৭৫,৯৬,০০** |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২০-২১ | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১.মাথাপিছু বিদ্যুৎ ব্যবহার | ১,২ | কি.ও. ঘন্টা | ৫৫০ | ৫৬০ | ৬০০ | ৫৬৫ | ৬৩২ | ৬৭৪ | ৭২০ |
| ২.বিদ্যুতের সিস্টেম লস হ্রাস (বিতরণ) | ৩ | % | ১১.৫০ | ৮.৪৮ | ১১.০০ | ৮.৯০ | ৮.৬০ | ৮.২০ | ৮.২০ |
| ৩.মোট বিদ্যুৎ উৎপাদনে নবায়নযোগ্য জ্বালানি ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন | ২ | মে.ও. | ৮৮৫ | ৭৬৫ | ১০০০ | ৮৮০ | ১০০৮ | ১১৭৯ | ১২৯২ |
| ৪. নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণে SAIDI[1] নিরূপণ | ১ | মিনিট | ১১০০ | ১০৯২ | ১১০০ | ১০৫০ | ৯০০ | ৮০০ | ৭০০ |

[1]SAIDI-System Average Interruption Duration Index

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

৬.১.১ **সাম্প্রতিক অর্জন:** বিদ্যুৎ উৎপাদন জানুয়ারি ২০০৯ সালের ৪,৯৪২ মেগাওয়াট হতে জানুয়ারি ২০২২ পর্যন্ত ২৫,২৮৪ মেগাওয়াট (ক্যাপটিভ ও নবায়নযোগ্য জ্বালানিসহ) উন্নীত করা হয়েছে। সরকারি ও বেসরকারি খাতে এ পর্যন্ত ১৪৮টি বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা হয়েছে। উপ-আঞ্চলিক সহযোগিতা কার্যক্রমের আওতায় ভারত হতে ১,১৬০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি করা হচ্ছে। এছাড়া নেপাল ও ভুটান হতে জল বিদ্যুৎ আমদানির কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। সরকারি ও বেসরকারি উদ্যোগে এ যাবৎ দেশে নবায়নযোগ্য জ্বালানি হতে প্রায় ৭৭৭ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন সম্ভব হয়েছে। ইতোমধ্যে দেশে প্রায় ৪৪.৬৭ লক্ষ প্রি-পেইড মিটার স্থাপন করা হয়েছে এবং পর্যায়ক্রমে দেশের সকল গ্রাহকদের এ কার্যক্রমের আওতায় আনার পদক্ষেপ নেয়া হয়েছে। বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির সাথে সাথে উৎপাদিত বিদ্যুতের সুষ্ঠু ও নিরবচ্ছিন্ন সঞ্চালন ও বিতরণের লক্ষ্যে ব্যাপক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ২০০৯ সালে সঞ্চালন লাইন ছিল ৮ হাজার সার্কিট কিলোমিটার এবং বিতরণ লাইন ছিল ২ লক্ষ ৬০ হাজার কিলোমিটার, যা বর্তমানে যথাক্রমে ১৩ হাজার ১৭ সার্কিট কিলোমিটার এবং ৬ লক্ষ ১৯ হাজার কিলোমিটার উন্নীত হয়েছে। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সিস্টেম লস সিঙ্গেল ডিজিটে হ্রাসকরণের পদক্ষেপ নেয়া হয়েছে। বিদ্যুতের আওতাভুক্ত জনগোষ্ঠী ৪৭% হতে ডিসেম্বর ২০২১ এ ৯৯.৭৫% এ উন্নীত হয়েছে। বিদ্যুৎখাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে ডিজিটাল পদ্ধতির প্রবর্তন করা হয়েছে।।

### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২০-২১ | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| প্রযোজ্য নয় | | | | | | | | | | |

### ৬.১.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২০-২১ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১৫৬০১০১ - সচিবালয়, বিদ্যুৎ বিভাগ | | ১০,৬৪,৩১ | ১৮,৩৫,৯৫ | ১৫,৩৭,১০ | ১৭,২৯,৮৫ | ১৫,৮৯,১৬ | ১৭,৬৫,০৪ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **১০,৬৪,৩১** | **১৮,৩৫,৯৫** | **১৫,৩৭,১০** | **১৭,২৯,৮৫** | **১৫,৮৯,১৬** | **১৭,৬৫,০৪** |
| **বিশেষ কার্যক্রম** | | | | | | | |
| ১২০০০০৮০১ - সরকারি কর্মচারীদের জন্য ঋণ | | ১,২০ | ১০,২৫ | ২,৯০ | ৩,৭৫ | ৩,৭৫ | ৩,৭৫ |
| ১২০০০৭১০০ - জ্বালানি নিরীক্ষণ সেল | | ২,৬৬ | ৪,০০ | ৪,৩০ | ০ | ০ | ০ |
| ১২৭০২১৩০১ - ইন্টারন্যাশনাল রিনিউএবল এনার্জি এজেন্সি | ১ | ০ | ২,৮০ | ২,৮০ | ৩,০০ | ৩,১৫ | ৩,৩০ |
| **মোট : বিশেষ কার্যক্রম** | | **৩,৮৬** | **১৭,০৫** | **১০,০০** | **৬,৭৫** | **৬,৯০** | **৭,০৫** |
| **সহায়তা কার্যক্রম** | | | | | | | |
| ১৩১০১৭৮০০ - বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) | - | ১০,০০,০০ | ১৫,৬২,০০ | ১৮,৫৪,৫০ | ২৪,০০,০০ | ২৭,৯৭,৩২ | ২৬,০৫,১২ |
| **মোট : সহায়তা কার্যক্রম** | | **১০,০০,০০** | **১৫,৬২,০০** | **১৮,৫৪,৫০** | **২৪,০০,০০** | **২৭,৯৭,৩২** | **২৬,০৫,১২** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **২০,৬৮,১৭** | **৩৪,১৫,০০** | **৩৪,০১,৬০** | **৪১,৩৬,৬০** | **৪৩,৯৩,৩৮** | **৪৩,৭৭,২১** |
| **উন্নয়ন কার্যক্রম** | | | | | | | |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২১০০০১৫৬ - বিদ্যুৎ বিভাগের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | - | ০ | ৫০,০০,০০ | ০ | ২৫৮,০৩,০০ | ২৪৬৪,৫১,০০ | ৩১৭০,৩০,০০ |
| ২২৩০১৫৪০০ - টেকনিক্যাল এসিসটেন্স ফর পাওয়ার সেক্টর ডেভেলপমেন্ট এন্ড ক্যাপাসিটি বিল্ডিং (১ম সংশোধিত) (০১/০৭/২০১৭-৩১/১২/২০২২) | | ৬,৯২,০৯ | ২৪,৫০,০০ | ৩৯,৭২,০০ | ২৫,২০,০০ | ০ | ০ |
| ২২৩০৪০৪০০ - টিএ ফর স্ট্রেনদেনিং এন্ড ডেভেলপমেন্ট অব সাসটেইনেবল পাওয়ার সেক্টর ইন বাংলাদেশ (০১/০৭/২০২০-৩০/০৬/২০২৫) | - | ০ | ১৩,০০,০০ | ৫,৩৮,০০ | ১২,৫০,০০ | ৮,৯৬,০০ | ১৬,৩৬,০০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **৬,৯২,০৯** | **৮৭,৫০,০০** | **৪৫,১০,০০** | **২৯৫,৭৩,০০** | **২৪৭৩,৪৭,০০** | **৩১৮৬,৬৬,০০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **৬,৯২,০৯** | **৮৭,৫০,০০** | **৪৫,১০,০০** | **২৯৫,৭৩,০০** | **২৪৭৩,৪৭,০০** | **৩১৮৬,৬৬,০০** |
| **মোট :** | | **২৭,৬০,২৬** | **১২১,৬৫,০০** | **৭৯,১১,৬০** | **৩৩৭,০৯,৬০** | **২৫১৭,৪০,৩৮** | **৩২৩০,৪৩,২১** |

## ৬.২ বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর

৬.২.১ **সাম্প্রতিক অর্জন:** প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর কর্তৃক বিগত ৩ (তিন) বছরে ১০,০৩৩টি বৈদ্যুতিক স্থাপনা চালু করার অনুমোদন প্রদান করা হয়েছে এবং বিদ্যুৎ লাইসেন্স বোর্ড কর্তৃক ইলেকট্রিশিয়ানদের ৩১,১২৩টি কারিগরি পারমিট, প্রকৌশলীদের ৪,১১০টি বৈদ্যুতিক সুপারভাইজার সার্টিফিকেট ও বৈদ্যুতিক ঠিকাদারদের ২,০১৩টি লাইসেন্স জারি করা হয়েছে। উপকেন্দ্র অনুমোদন ও লাইসেন্স জারি/নবায়ন বাবদ প্রায় ৩৩,০৮,৭০,০০০/-টাকা রাজস্ব আদায় করা হয়েছে। দপ্তরটি ভাড়া ভবন হতে নিজস্ব ভবনে স্থানান্তর করা হয়েছে। প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের সকল সেবা ডিজিটালাইজেশন করার ফলে উপকেন্দ্র অনুমোদন ও লাইসেন্স এর আবেদনসহ নবায়নের কার্যক্রম অনলাইনে করা সম্ভব হচ্ছে বিধায় দেশের প্রত্যন্ত অঞ্চলের জনগণ ঘরে বসেই সেবা পাচ্ছে এবং সময় ও অর্থের সাশ্রয় হচ্ছে।

### ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২০-২১ | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. উচ্চ ও মধ্যম চাপ বিশিষ্ট গ্রাহকদের বৈদুতিক স্থাপনা/উপকেন্দ্র পরিদর্শনপূর্বক চালুর অনুমোদন ও পুনঃপরির্দশন | অনুমোদনকৃত উপকেন্দ্র | ৩ | গ্রাহক/ জনসংখ্যা | ৩২০০ | ৩৩৪০ | ৩২০০ | ৩০০০ | ৩০৫০ | ৩১০০ | ৩১৫০ |
| ২. বৈদ্যুতিক ঠিকাদারদের ঠিকাদারি লাইসেন্স, প্রকৌশলীদের সুপারভাইজার সার্টিফিকেট ও কারিগরি পারমিট জারি | ইস্যুকৃত লাইসেন্স | ৩ | জন | ১২০০০ | ১০৫৯৩ | ১৩০০০ | ১২০০০ | ১২৫০০ | ১৩০০০ | ১৩৫০০ |
| ৩. বৈদ্যুতিক ঠিকাদারদের ঠিকাদারী লাইসেন্স, প্রকৌশলীদের সুপারভাইজার সর্টিফেকেট ও কারিগরি পারমিট নবায়ন | নবায়নকৃত লাইসেন্স | ৩ | জন | ১৫০০০ | ২৩৩২৪ | ১৬০০০ | ২০০০০ | ২০৫০০ | ২১০০০ | ২১৫০০ |

### ৬.২.৩ অপারেশন ইউনিট,কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২০-২১ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১৫৬০২০১ - বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক | ১,২ | ২,৯৫,২৪ | ৩,৩৬,০০ | ২,৭৫,০৮ | ৩,৬১,৪০ | ৩,৪৭,৬১ | ৩,৮১,০৮ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **২,৯৫,২৪** | **৩,৩৬,০০** | **২,৭৫,০৮** | **৩,৬১,৪০** | **৩,৪৭,৬১** | **৩,৮১,০৮** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **২,৯৫,২৪** | **৩,৩৬,০০** | **২,৭৫,০৮** | **৩,৬১,৪০** | **৩,৪৭,৬১** | **৩,৮১,০৮** |
| **মোট :** | | **২,৯৫,২৪** | **৩,৩৬,০০** | **২,৭৫,০৮** | **৩,৬১,৪০** | **৩,৪৭,৬১** | **৩,৮১,০৮** |

## ৬.৩ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

**৬.৩.১ সাম্প্রতিক অর্জন:** গ্রিডভিত্তিক স্থাপিত উৎপাদন ক্ষমতা ২০১৮-১৯ অর্থবছরে ১৮,৯৬১ মেগাওয়াট, ২০১৯-২০ অর্থবছরে ২০,৩৮৩ মেগাওয়াট এবং ২০২০-২১ অর্থবছরে ২২,০৩১ মেগাওয়াট। নেট বিদ্যুৎ উৎপাদন ২০১৮-১৯ অর্থবছরে ৭০,৫৩৩ মি.কি.ও.ঘণ্টা এবং ২০১৯-২০২০ অর্থবছরে ৭১,৪১৯ মি.কি.ও.ঘণ্টা এবং ২০২০-২১ অর্থবছরে ৮০,৪২৩ মি.কি.ও.ঘণ্টা। বিদ্যুৎ উৎপাদনে সরকারের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন এবং সে সাথে কার্বন নিঃসরণ যথাসম্ভব কম রাখতে নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন, জীবাশ্ম জ্বালানিভিত্তিক নতুন উচ্চ দক্ষতাসম্পন্ন বিদ্যুৎ কেন্দ্র স্থাপন, পুরাতন বিদ্যুৎ কেন্দ্রসমূহ আপগ্রেডেশন/কনভার্সন, রি-পাওয়ারিং এবং সে স্থলে নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে। ইতোমধ্যে একটি গ্যাস-টারবাইন বিদ্যুৎ কেন্দ্র কম্বাইন্ড-সাইকেলে আপগ্রেড হয়ে চালু হয়েছে, দুটি ইউনিট রিপাওয়ারিং নির্মাণাধীন পর্যায়ে রয়েছে এবং কিছু পুরাতন বিদ্যুৎ কেন্দ্রসমূহের স্থলে নতুন বিদ্যুৎ কেন্দ্র ও গ্যাস/এলএনজিভিত্তিক উচ্চ-দক্ষতাসম্পন্ন নতুন কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র স্থাপন বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে রয়েছে। প্রকল্পসমূহ বাস্তবায়িত হলে একদিকে কার্বন নিঃসরণ হ্রাসের মাধ্যমে পরিবেশের উপর বিরূপ প্রভাব কমবে, অপরদিকে প্রাথমিক জ্বালানির সাশ্রয় হবে।

## ৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২০-২১ | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. নতুন বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ | অতিরিক্ত বিদ্যুৎ উৎপাদন | ১ | মে.ও. (হাজার) | ১.৭৮ | ১.৫৫২ | ৩.১৮ | ০.৬৬৫ | ৩.১৮৮ | ২.০৪৬ | ০.৪ |
| ২. পুরাতন বিদ্যুৎ কেন্দ্র মেরামত, রক্ষণাবেক্ষণ এবং আধুনিকায়ন | মেরামত ও রক্ষণাবেক্ষণ | ১ | সংখ্যা | ২ | ২ | ৩ | ২ | ২ | ২ | ২ |
| ৩. নতুন বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ এবং পুরাতন লাইন নবায়ন, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ | বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ ও সম্প্রসারণ | ১ | কি.মি. হাজার | ৪.৪১ | ৩.১৪৮ | ৭.১৩ | ৫.৮৮৫ | ৫.১১২ | ৩.৪৩৮ | ০ |
| ৪. নতুন সাব-স্টেশন নির্মাণ এবং বিদ্যমান সাব-স্টেশনসমূহের পরিচালন ও রক্ষণাবেক্ষণ | ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ | ১ | সংখ্যা | ৪৩ | ২২ | ৪১ | ১৮ | ৪৪ | ৫৭ | ০ |
| | ১১/০.৪ কেভি উপকেন্দ্র নির্মাণ | | | ১৮১৭ | ১০৫২ | ৪৩৭৬ | ৩৫৩৫ | ২৪০২ | ৩৯৯২ | ০ |
| ৫. নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক বিদ্যুৎ উৎপাদন বাস্তবায়ন | নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক বিদ্যুৎ উৎপাদন | ২ | মে.ও.পিক | ০ | ০ | ৩.৫০ | ৩.০০ | ১৫১.১০ | ১৫১.১০ | ১৫১.১০ |
| ৬. প্রি-পেমেন্ট ও স্মার্ট মিটারিং কার্যক্রম বাস্তবায়ন | মিটারের সংখ্যা | ৩ | সংখ্যা (হাজার) | ৮০.০০ | ৮৪.৮৬ | ৬৩৫ | ১০০ | ১০০ | ২০০ | ২০০ |
| ৭. বিদ্যুৎ বিলের বকেয়া আদায় কার্যক্রম জোরদারকরণ | বকেয়া হ্রাস | ৩ | সমমাস | ২.৫০ | ২.২৩ | ২.৪৫ | ২.৫ | ২.৫০ | ২.৫০ | ২.৫০ |

## ৬.৩.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২০-২১ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **উন্নয়ন কার্যক্রম** | | | | | | | |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২৪০৯৭০০০ - *বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, সিলেট বিভাগ (১ম সংশোধিত) (০১/০৪/২০১৬-৩০/০৬/২০২২) | ১-৭ | ২৪৭,৭৯,৯৪ | ৫৯,০০,০০ | ১০৫,০০,০০ | ২৪০,০০,০০ | ৩০০,০০,০০ | ০ |
| ২২৪০৯৭০০২ - বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন, কুমিল্লা জোন (০১/০১/২০১৮-৩০/০৬/২০২৩) | ৩ | ৩২০,০০,০০ | ৬০,০০,০০ | ১২১,০০,০০ | ২৮০,০০,০০ | ২৭৫,০০,০০ | ৩৫০,০০,০০ |
| ২২৪০৯৮৪০০ - *খুলনা ৩৩০ মেঃওঃ ডুয়েল ফুয়েল কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ (১ম সংশোধিত) (০১/০১/২০১৭-৩০/০৬/২০২২) | ১ | ৩৫৮,৩৫,৫৬ | ৩৩,২৬,০০ | ১৬,০০,০০ | ১৩০,০০,০০ | ০ | ০ |
| ২২৪০৯৮৬০০ - তিন পার্বত্য জেলায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন (০১/০৪/২০১৭-৩০/০৬/২০২২) | ১-৭ | ১১৫,৮৮,০৫ | ৭৫,০০,০০ | ৬০,০০,০০ | ০ | ০ | ০ |
| ২২৪০৯৯৫০০ - *পাওয়ার সিস্টেম ডেভেলপমেন্ট প্রজেক্ট রংপুর জোন (১ম সংশোধিত) (০১/০৭/২০১৫ - ৩০/০৬/২০২২) | ৩ | ১৪০,৫৭,৪১ | ১৫০,০০,০০ | ২৩৫,০০,০০ | ১৩০,০০,০০ | ০ | ০ |
| ২২৪০৯৯৭০০ - *ঘোড়াশাল ৪র্থ ইউনিট রি-পাওয়ারিং প্রকল্প (১ম সংশোধিত) (০১/০৭/২০১৬-৩০/০৬/২০২২) | ১-৭ | ৮৪,০০,০০ | ২৩৫,০০,০০ | ৬৮,৫০,০০ | ২২০,০০,০০ | ০ | ০ |
| ২২৪১০১৫০০ - *প্রি-পেমেন্ট মিটারিং ফর ডিস্ট্রিবিউশন কুমিল্লা এন্ড ময়মনসিংহ (০১/০৭/২০১৩ - ৩১/১২/২০২০) | ৬ | ৫৮,১৯ | ৬৪,৭৯,০০ | ১,০০ | ২,০০,০০ | ৩১,৪০,০০ | ০ |
| ২২৪১০২৪০০ - *চট্টগ্রাম জোনের বিদ্যুৎ বিতরণ সিস্টেম উন্নয়ন (সংশোধিত) (০১/০৭/২০১৪ - ৩১/১২/২০২১) | ৩ | ১৬৩,২২,০০ | ১০০,০০,০০ | ১০০,০০,০০ | ০ | ০ | ০ |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২০-২১ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২২৪১০২৮০০ - *ঘোড়াশাল-৩ রিপেয়ারিং প্রজেক্ট (০১/০১/২০১৫-৩০/০৬/২০২২) | ২ | ৩৩,১৯,২৬ | ৩৬,০০,০০ | ০ | ৩৬,০০,০০ | ০ | ০ |
| ২২৪১০২৯০০ - রাজশাহী পাওয়ার সিস্টেম ডেভেলপমেন্ট প্রজেক্ট (সংশোধিত) (০১/০৭/২০১৫ - ৩০/০৬/২০২২) | ৩ | ৬৭,৫০,০০ | ৮০,০০,০০ | ১০৫,০০,০০ | ০ | ০ | ০ |
| ২২৪১১৪৯০০ - বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, ময়মনসিংহ জোন (১ম সংশোধিত) (০১/০১/২০১৮ - ৩০/০৬/২০২৪) | ৩ | ২৬৯,৯৯,৯৮ | ৮০,০০,০০ | ১৬২,০০,০০ | ২৩০,০০,০০ | ২৭৫,০০,০০ | ০ |
| ২২৪১৩৫০০০ - মহেশখালী পাওয়ার হাব এর ভূমি অধিগ্রহণ (০১/০৭/২০১৭ -৩০/০৬/২০২২) | ১ | ০ | ১,০০ | ১,০০ | ০ | ০ | ০ |
| ২২৪২৬৫৭০০ - *বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন চট্টগ্রাম জোন (২য় পর্যায়) (০১/০৭/২০১৮ - ৩০/০৬/২০২২) | ৩ | ৫০,০০,০০ | ৬০,০০,০০ | ২৩০,১৫,০০ | ৩৫৮,০০,০০ | ২৮৬,১১,০০ | ৫২৫,৬৭,০০ |
| ২২৪২৭৭৭০০ - *সৈয়দপুর ১৫০ মেঃওঃ +/- ১০% সিম্পল সাইকেল (এইচএসডি ভিত্তিক) বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ (০১/০১/২০১৯ - ৩০/০৬/২০২২) | ১ | ৯৩,৩৬,০০ | ২৪,০০,০০ | ৫০,০০,০০ | ৮০,০০,০০ | ০ | ০ |
| ২২৪৩৩৩৬০০ - হাতিয়া দ্বীপ, নিঝুম দ্বীপ ও কুতুবদিয়া দ্বীপ শতভাগ নির্ভরযোগ্য ও টেকসই বিদ্যুতায়ন (০১/০৭/২০২০-৩০/০৬/২০২৩) | - | ০ | ১৯৮,০০,০০ | ২১১,৫০,০০ | ১৫৯,০০,০০ | ০ | ০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **১৯৪৪,৪৬,৩৯** | **১২৫৫,০৬,০০** | **১৪৬৪,১৭,০০** | **১৮৬৫,০০,০০** | **১১৬৭,৫১,০০** | **৮৭৫,৬৭,০০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **১৯৪৪,৪৬,৩৯** | **১২৫৫,০৬,০০** | **১৪৬৪,১৭,০০** | **১৮৬৫,০০,০০** | **১১৬৭,৫১,০০** | **৮৭৫,৬৭,০০** |
| **মোট :** | | **১৯৪৪,৪৬,৩৯** | **১২৫৫,০৬,০০** | **১৪৬৪,১৭,০০** | **১৮৬৫,০০,০০** | **১১৬৭,৫১,০০** | **৮৭৫,৬৭,০০** |

## ৬.৪ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

**৬.৪.১ সাম্প্রতিক অর্জন:** পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম শুরুর পর হতে বাপবিবো পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ গঠনসহ, সমিতিসমূহের ভৌত অবকাঠামো নির্মাণের জন্য প্রয়োজনীয় তহবিলের সংস্থান এবং বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্ক নির্মাণ ও পরিচালনে সমিতিসমূহকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করে আসছে। এ প্রচেষ্টার ফলে বর্তমানে আরইবি'র গ্রাহক সংখ্যা ৩ কোটি ২৫ লক্ষ, লাইন নির্মিত হয়েছে ৫ লক্ষ ৬৩ হাজার কিলোমিটার, উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি পেয়ে ১৪,৭৯৫ এমভিএ হয়েছে, সিস্টেম লস হ্রাস পেয়ে ৯.৬৮% হয়েছে এবং ডিসেম্বর ২০২১ পর্যন্ত ৪৬২ টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন করা হয়েছে। এছাড়াও ২০২০-২১ অর্থবছরে সর্বোচ্চ ভ্যাট প্রদানকারী সংস্থা হিসেবে বাপবিবো বৃহৎ করদাতা ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড হতে সম্মাননা পেয়েছে। ২০২০-২১ অর্থবছরে সংস্থা পর্যায়ে সর্বোচ্চ আয়কর প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে বাপবিবো বৃহৎ করদাতা ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড হতে সম্মাননা পেয়েছে। ২০২০-২১ অর্থবছরে সংস্থা পর্যায়ে সর্বোচ্চ আয়কর প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে 'স্থানীয় কর্তৃপক্ষ' ক্যাটাগরীতে 'প্রথম স্থান' অর্জন করেছে। বাপবিবো-কে ২০১৯ সালে 'ইনোভেশন সোকেসিং' এ প্রথম পুরস্কার প্রদান করা হয়েছে। শুদ্ধাচার চর্চার জন্য ২০১৮-১৯ অর্থবছরে বাপবিবো'র চেয়ারম্যান 'জাতীয় শুদ্ধাচার পুরস্কার' অর্জন করেছে। দ্রুত বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণে অসামান্য অবদান রাখায় ২০১৮ সালে সেরা প্রতিষ্ঠানের পুরস্কার অর্জন করেছে।

### ৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২০-২১ | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বিতরণ লাইন সম্প্রসারণ | বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ | ১ | কি.মি. | ৩০০০০ | ৩২৭৩৬ | ১০০০০ | ১০০০০ | ৫০০০ | ৫০০০ | ৫৫০০ |
| ২. উপকেন্দ্রের ক্ষমতা সংযোজন ৩৩/১১ কেভি | উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি | ১ | এমভিএ | ১৫০০ | ১৫৫০ | ১৫০০ | ২০৫০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ৩. নতুন গ্রাহক সংযোগ | গ্রাহক বৃদ্ধি | ৩ | সংখ্যা | - | - | - | ৮০০০০০ | ৪০০০০০ | ৪০০০০০ | ৩৫০০০০ |
| ৪. প্রি-পেমেন্ট ও স্মার্ট মিটারিং কার্যক্রম বাস্তবায়ন | স্থাপিত প্রি-পেমেন্ট মিটার | ৩ | সংখ্যা (হাজার) | ৫০ | ৫০ | ২০০ | ২০০ | ১০০০ | ২০০০ | ২৫০০ |
| ৫. বিদ্যুৎ বিলের বকেয়া আদায় কার্যক্রম | বকেয়া হ্রাস | ৩ | সমমাস | ১.৫০ | ১.০৫ | ১.৩০ | ১.২০ | ১.২৫ | ১.২৫ | ১.২০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২০-২১ | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| জোরদারকরণ | | | | | | | | | | |
| ৬. বিতরণ সিস্টেম লস হ্রাসকরণ | সিস্টেম লস হ্রাস | ১ | % | ৯.৯৮ | ৯.৬৮ | ৯.৯৫ | ৯.৬৫ | ৯.৫০ | ৯.৫০ | ৯.৪৫ |

## ৬.৪.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২০-২১ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২৪০৯৯৪০০ - *পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণের মাধ্যমে ১৫ লক্ষ গ্রাহক সংযোগ (১৯.৫০ লক্ষ গ্রাহক সংযোগ সংস্থাপনসহ ১ম সংশোধিত) (০১/০১/২০১৬ - ৩১/১২/২০২১) | ১-৫ | ১৫৯৯,৯৯,৯৯ | ২৬৭,০০,০০ | ২৪৪,৮২,০০ | ০ | ০ | ০ |
| ২২৪১২০৭০০ - *শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ) (২য় সংশোধিত) (০১/০১/২০১৭ - ৩০/০৬/২০২২) | ১ | ১৫৭৩,০০,০০ | ১১৪৪,০০,০০ | ১১৪৩,৯৩,০০ | ১,০০ | ০ | ০ |
| ২২৪১২০৮০০ - *শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ) (২য় সংশোধিত) (০১/০১/২০১৭ - ৩০/০৬/২০২২) | ১ | ১৫০৯,৯৯,৯৯ | ১১৩৯,০০,০০ | ১১৩৯,০০,০০ | ০ | ০ | ০ |
| ২২৪২৪৪৯০০ - সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ (১ম সংশোধিত) (০১/০৭/২০১৮ - ৩১/১২/২০২২) | ৩ | ৩,৩৭,১৫ | ৩৫১,২২,০০ | ১০০,৮৫,০০ | ২৬৯,৬৪,০০ | ০ | ০ |
| ২২৪৩৩৭১০০ - বাপবিবো'র বৈদ্যুতিক বিতরণ ব্যবস্থার আধুনিকায়ন ও ক্ষমতাবর্ধণ (খুলনা বিভাগ) (০১/০৭/২০২১-৩০/০৬/২০২৫) | ১ | ০ | ০ | ৬৫,৮৭,০০ | ৬২১,৯৯,০০ | ৬৮০,২০,০০ | ৪৫৩,৪৭,০০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **৪৬৮৬,৩৭,১৩** | **২৯০১,২২,০০** | **২৬৯৪,৪৭,০০** | **৮৯১,৬৪,০০** | **৬৮০,২০,০০** | **৪৫৩,৪৭,০০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **৪৬৮৬,৩৭,১৩** | **২৯০১,২২,০০** | **২৬৯৪,৪৭,০০** | **৮৯১,৬৪,০০** | **৬৮০,২০,০০** | **৪৫৩,৪৭,০০** |
| **মোট :** | | **৪৬৮৬,৩৭,১৩** | **২৯০১,২২,০০** | **২৬৯৪,৪৭,০০** | **৮৯১,৬৪,০০** | **৬৮০,২০,০০** | **৪৫৩,৪৭,০০** |

## ৬.৫ পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি.

৬.৫.১ **সাম্প্রতিক অর্জন:** সাম্প্রতিক বছরগুলোতে কুষ্টিয়া জেলার ভেড়ামারায় বাংলাদেশ-ভারত বিদ্যুৎ সঞ্চালন কেন্দ্রের ৫০০ মেগাওয়াট ক্ষমতার ২য় এইচভিডিসি স্টেশন নির্মাণ, ভেড়ামারা-বহরমপুর (বাংলাদেশ বর্ডার পর্যন্ত) ২য় ৪০০ কেভি সঞ্চালন লাইন, গোপালগঞ্জ ৪০০/১৩২ কেভি উপকেন্দ্র (অন্তবর্তীকালীন) নির্মাণ, পায়রা-গোপালগঞ্জ ৪০০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ, রাজশাহী ২৩০/১৩২ কেভি গ্রিড উপকেন্দ্র, রামপাল ২৩০/১৩২ কেভি উপকেন্দ্র ও ঘোড়াশাল ২৩০ কেভি সুইচিং উপকেন্দ্র এবং সংশ্লিষ্ট ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ এবং বরগুনা, রাঙ্গামাটি, কুড়িগ্রাম, নড়াইল, চট্রগ্রাম জেলার আগ্রাবাদে, পাবনা জেলার ভাঙ্গুড়ায়, চাঁদপুর জেলার কচুয়াতে ও রংপুর জেলার মিঠাপুকুরে ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র এবং সংশ্লিষ্ট ১৩২ কেভি সঞ্চালন লাইন নির্মাণ ইত্যাদি উল্লেখযোগ্য কাজ সমাপ্ত হয়েছে।

এসকল প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে বিগত তিন বছরে জাতীয় গ্রিড সিস্টেমে ২৫২.০০ সার্কিট কি.মি. ৪০০ কেভি, ৩১৫.০০ সার্কিট কি.মি ২৩০ কেভি ও ১,০৯১.০০ সার্কিট কি.মি. ১৩২ কেভি সঞ্চালন লাইন সংযুক্ত হয়েছে এবং ১টি ৫০০ মেগাওয়াট ক্ষমতার ২য় এইচভিডিসি স্টেশন, ১টি ৪০০/১৩২ কেভি সাব-স্টেশন, ৭টি ২৩০/১৩২ কেভি এবং ২৪ টি ১৩২/৩৩ কেভি সাব-স্টেশন নির্মাণসহ বিদ্যমান কিছু উপকেন্দ্রসমূহের ক্ষমতা বর্ধন করা হয়েছে। এর ফলে গত তিন বছরের জাতীয় গ্রিড সিস্টেমে সর্বমোট প্রায় ৫০০ মেগাওয়াট ক্ষমতার এইচভিডিসি ও ১২,৪১৪ এম.ভি.এ ক্ষমতা বৃদ্ধি এবং ১,৬৫৮.০০ সার্কিট কিলোমিটার সঞ্চালন লাইন যুক্ত হয়েছে।

## ৬.৫.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২০-২১ | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. নতুন সঞ্চালন লাইন নির্মাণ ও ক্ষমতাবর্ধন | সঞ্চালন লাইন নির্মাণ | ১ | সার্কিট কি.মি. (হাজার) | ০.২০২৭৭ | ০.৫০৩ | ১.৩ | ১.০০ | ১.৪০ | ২.০০ | ১.০০ |
| ২. নতুন গ্রিড উপকেন্দ্র নির্মাণ ও সম্প্রসারণ | নতুন গ্রিড উপকেন্দ্র | ১ | সংখ্যা | ২৮৩০ | ২৯১০ | ৫০০০ | ৪০০০ | ২০০০০ | ২৫০০০ | ৫০০০ |
| ৩. সিস্টেম লস হ্রাসকরণ | হ্রাসকৃত ট্রান্সমিশন লস | ১ | % | ২.৮২ | ৩.০৫ | ৩.২০ | ৩.১০ | ৩.২০ | ৩.২০ | ৩.৩০ |
| ৪. বিদ্যুৎ বিলের বকেয়া আদায় কার্যক্রম জোরদারকরণ | Account Receivable হ্রাসকরণ | ৩ | সমমাস | ৪.০২ | ৩.৯২ | ৪.০০ | <৪.০০ | <৪.০০ | <৪.০০ | <৪.২৫ |

## ৬.৫.৩ অপারেশন ইউনিট,কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২০-২১ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২৩০৩৯৫০০ - বাংলাদেশের বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থাপনায় সমন্বিত সক্ষমতা উন্নয়ন প্রকল্প (০১/০৭/২০১৯-৩০/০৬/২০২৩) | | ০ | ২,০০,০০ | ১,০০,০০ | ৩,০০,০০ | ০ | ০ |
| ২২৩০৪২৫০০ - মদুনাঘাট-ভুলতা ৭৬৫ কেভি সঞ্চালন লাইন প্রকল্পের সম্ভাব্যতা যাচাই সহ কারিগরি সহায়তা প্রকল্প ( ০১/০৭/২০২১-৩১/১২/২০২৪) | ১-৪ | ০ | ০ | ০ | ৩,০০,০০ | ৮,০০,০০ | ৮,০০,০০ |
| ২২৪০৯৭৫০০ - *গ্রীড ভিত্তিক বিদ্যুৎ সরবরাহে দক্ষতা উন্নয়ন প্রকল্প (০১/০১/২০১৭-৩০/০৬/২০২২) | ১-৪ | ১৮৫,৫২,১৯ | ৬৫০,০০,০০ | ৫০০,০০,০০ | ৫৭৫,১৯,০০ | ৫৯৫,২২,০০ | ০ |
| ২২৪০৯৭৬০০ - ঢাকা-চট্টগ্রাম মেইন পাওয়ার গ্রীড স্ট্রেনদেনিং প্রকল্প (০১/০৭/২০১৬-৩০/০৬/২০২৩) | ১-৪ | ১৪৯,৯৯,২৯ | ৭০০,০০,০০ | ৮৮৮,০০,০০ | ৮১৭,৫৭,০০ | ০ | ০ |
| ২২৪০৯৭৭০০ - মাতারবাড়ী আলট্রা সুপার ক্রিটিক্যাল কোল ফায়ারড পাওয়ার প্রকল্প (২) পিজিসিবি অংশঃ মাতারবাড়ী-মদুনাঘাট ৪০০ কেভি সঞ্চালন লাইন) (০১/০৭/২০১৭-৩০/০৬/২০২২) | ১-২ | ৩০৩,৯৫,৫০ | ১,০০ | ১৪৩,৫৭,০০ | ০ | ০ | ০ |
| ২২৪০৯৮৩০০ - পাওয়ার গ্রীড নেট্ওয়ার্ক স্ট্রেংদেনিং প্রজেক্ট আন্ডার পিজিসিবি (সংশোধিত) (০১/১০/২০১৬-৩০/০৬/২০২৪) | ১ | ৮৯,৯৯,৯৯ | ১৯৩৯,০০,০০ | ৬৬৬,১০,০০ | ১৬১৬,০০,০০ | ২৫৩১,৯৭,০০ | ৪০৩৫,২৬,০০ |
| ২২৪০৯৮৯০০ - পশ্চিমাঞ্চলীয় গ্রীড নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প (সংশোধিত) (০১/০১/২০১৬-৩০/০৬/২০২২) | ১-৪ | ১৫৭,১৭,৫৫ | ৭০,০০,০০ | ৩১,০০,০০ | ০ | ০ | ০ |
| ২২৪০৯৯৮০০ - আমিনবাজার-মাওয়া-মোংলা ৪০০ কেভি সঞ্চালন লাইন (সংশোধিত) (০১/০৭/২০১৬-৩০/০৬/২০২৩) | ১-৪ | ৬১০,৩৭,৪০ | ২৭৭,৩৪,০০ | ২০৫,০০,০০ | ১৬,০০,০০ | ০ | ০ |
| ২২৪১০০২০০ - *ন্যাশনাল পাওয়ার ট্রান্সমিশন নেটওয়ার্ক ডেভেলপমেন্ট প্রজেক্ট (সংশোধিত) (০১/০১/২০১৩-৩১/১২/২০২১) | ১ | ৭৭,৭০,০০ | ৪৯,২৫,০০ | ১৪০,০০,০০ | ০ | ০ | ০ |
| ২২৪১০০৭০০ - ৪০০/২৩০/১৩২ কেভি গ্রীড নেটওয়ার্ক ডেভেলপমেন্ট প্রজেক্ট (১ম সংশোধিত) (০১/০৭/২০১৩ - ৩১/১২/২০২২) | ১-৪ | ২৬২,২১,১২ | ২৪০,০০,০০ | ২৩০,০০,০০ | ২০০,০০,০০ | ০ | ০ |
| ২২৪১২৬৯০০ - *পটুয়াখালী (পায়রা) গোপালগঞ্জ ৪০০ কেভি সঞ্চালন লাইন এবং গোপালগঞ্জ ৪০০ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ (০১/০১/২০১৭-৩০/০৬/২০২২) | ১,২ | ৪৯১,৭৩,০০ | ২৩,৫০,০০ | ৮৩,৭০,০০ | ১২,০০,০০ | ০ | ০ |
| ২২৪১৩৪৪০০ - *বাংলাদেশ পাওয়ার সিস্টেম রিলায়েবিলিটি এন্ড ইফিসিয়েন্সি ইমপ্রুভমেন্ট (০১/০৭/২০১৭ - ৩০/০৬/২০২২) | ৩,৪ | ১৮,৫০,০০ | ১০,৫০,০০ | ৮,৫০,০০ | ১০,০০,০০ | ৫০,০০,০০ | ৩৭৫,০০,০০ |
| ২২৪২৩১১০০ - পূর্বাঞ্চলীয় গ্রীড নেট্ওয়ার্কের পরিবর্ধন ও ক্ষমতাবর্ধন (০১/০১/২০১৮ - ৩০/০৬/২০২৪) | ১,২ | ৯৬,৯৫,৪২ | ১১৯০,৩০,০০ | ৭১৯,৭৯,০০ | ৮৩০,০০,০০ | ৬৭০,০০,০০ | ০ |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২০-২১ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২২৪২৪৭৯০০ - আশুগঞ্জ ১৩২ কেভি পুরাতন এআইএস উপকেন্দ্রকে ১৩২ কেভি নতুন জিআইএস উপকেন্দ্র দ্বারা প্রতিস্থাপন প্রকল্প (০১/০৪/২০১৮-৩১/১২/২০২২) | ২ | ১৭,০০,০০ | ৫০,০০,০০ | ৩,০০,০০ | ১৫০,০০,০০ | ০ | ০ |
| ২২৪২৪৮০০০ - রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদিত বিদ্যুৎ ইভাকুয়েশনের জন্য সঞ্চালন অবকাঠামো উন্নয়ন (০১/০৪/২০১৮ - ৩১/১২/২০২৩) | ১ | ২৫,৭৪,০০ | ২০৭৯,৩৯,০০ | ২১৩১,৭৫,০০ | ১৩৫০,০০,০০ | ২০৮৭,০০,০০ | ৫৮০,৩৫,০০ |
| ২২৪২৪৮২০০ - দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় ট্রান্সমিশন গ্রীড সম্প্রসারণ প্রকল্প (০১/০৭/২০১৮ - ৩০/০৬/২০২৩) | ২ | ২১৬,৩৫,২২ | ৬৩৬,০০,০০ | ৬৪২,০০,০০ | ৫৮৫,০০,০০ | ০ | ০ |
| ২২৪২৯৯৭০০ - চট্রগ্রাম অঞ্চলের বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ (০১/০৭/২০১৯-৩০/০৬/২০২৪) | | ০ | ৯১,০০,০০ | ৪৪,০০,০০ | ৭৯,৭০,০০ | ৬০০,০০,০০ | ৪০৯,৭৮,০০ |
| ২২৪২৯৯৮০০ - বড়পুকুরিয়া-বগুড়া-কালিয়াকৈর ৪০০ কেভি লাইন (১ম সংশোধিত)(০১/০১/২০১৯-৩০/০৬/২০২৪) অনুমোদিত | | ০ | ৪২৫,০০,০০ | ৩২০,০০,০০ | ৭১৫,১৭,০০ | ১১১২,৬৩,০০ | ০ |
| ২২৪২৯৯৯০০ - ভারতের ঝাড়খন্ড হতে বাংলাদেশে বিদ্যুৎ আমদানী করার লক্ষ্যে চাঁপাইনবাবগঞ্জ জেলার রহনপুর থেকে মনাকষা সীমান্ত পর্যন্ত ৪০০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (০১/০৭/২০১৯-৩০/০৬/২০২২) | | ২০,৩৯,০০ | ২৫,০০,০০ | ২৭,৩০,০০ | ০ | ০ | ০ |
| ২২৪৩০০১০০ - ঢাকা এবং পশ্চিমাঞ্চলীয় গ্রীড সঞ্চালন ব্যবস্থা সম্প্রসারণ (০১/১০/২০১৯-৩০/০৬/২০২৪) | | ০ | ৩২৩,০০,০০ | ৩১০,৫০,০০ | ৩৮০,০০,০০ | ১০০০,০০,০০ | ৩১১৬,০০,০০ |
| ২২৪৩৪৫২০০ - বিদ্যমান গ্রিড উপকেন্দ্র ও সঞ্চালন লাইনের ক্ষমতাবর্ধন (০১/০৯/২০২১-২৮/০২/২০২৫) | ১-৪ | ০ | ০ | ১,০০ | ৫১,০৪,০০ | ৪১৮,১৮,০০ | ১৯১,৬১,০০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **২৭২৩,৫৯,৬৮** | **৮৭৮১,২৯,০০** | **৭০৯৫,২২,০০** | **৭৩৯৩,৬৭,০০** | **৯০৭৩,০০,০০** | **৮৭১৬,০০,০০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **২৭২৩,৫৯,৬৮** | **৮৭৮১,২৯,০০** | **৭০৯৫,২২,০০** | **৭৩৯৩,৬৭,০০** | **৯০৭৩,০০,০০** | **৮৭১৬,০০,০০** |
| **মোট :** | | **২৭২৩,৫৯,৬৮** | **৮৭৮১,২৯,০০** | **৭০৯৫,২২,০০** | **৭৩৯৩,৬৭,০০** | **৯০৭৩,০০,০০** | **৮৭১৬,০০,০০** |

## ৬.৬ ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. (ডিপিডিসি)

